# সিলেট সিটি কর্পোরেশন
## নগর ভবন, সিলেট।

## সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | : জনাব আরিফুল হক চৌধুরী<br>মেয়র<br>সিলেট সিটি কর্পোরেশন। |
| সভার স্থান | : সিলেট সিটি কর্পোরেশন সভা কক্ষ |
| সভার তারিখ | : ১ জানুয়ারি ২০২৩ খ্রিঃ |
| সময় | : বেলা ১১:৩০ ঘটিকা |
| আয়োজনে | : সিলেট সিটি কর্পোরেশন। |

সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকাঃ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ এবং কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা এবং অভিনন্দন জানান। অতঃপর তিনি প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন-কে সভা পরিচালনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে প্রধান নির্বাহী কর্মকর্তা ইংরেজী নববর্ষের শুভেচ্ছা এবং অভিনন্দন জানিয়ে সভার কাজ শুরু করেন। পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন জনাব মোঃ কয়ছর রহমান, স্টোর কিপার, প্রশাসনিক শাখা এবং পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব জ্যোতিষ চক্রবর্তী, আদায়কারি, সিলেট সিটি কর্পোরেশন। অতঃপর প্রধান নির্বাহী কর্মকর্তা আলোচ্যসূচী অনুযায়ী আলোচনায় অংশগ্রহণ করার জন্য উপস্থিত সদস্যবৃন্দকে অনুরোধ জানান।

| ক্রঃ নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | আলোচনা-১ শোকপ্রস্তাব সংক্রান্ত আলোচনা।<br>এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।<br>মরমী কবি হাছন রাজার প্রপৌত্র, বিশিষ্ট গীতিকার ও সংগীত শিল্পী দেওয়ান জাফরান রাজা চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা ও আওয়ামীলীগ নেতা কার্তিক রায়, বিশিষ্ট ব্যবসায়ী ও রোটারিয়ান জনাব মাসুদ আহমদ চৌধুরী, সিলেট ওসমানী মেডিকেল কলেজের শিশু সার্জারি বিভাগের সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান ডা: শামছুর রহমান, আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সভাপতি জনাব নির্মল রঞ্জন গুহ, সিলেট বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ জয়িতা (রত্নগর্ভা মা), সাবেক সচিব ও লিডিং ইউনিভার্সিটির প্রাক্তন ট্রেজারার বনমালী ভৌমিকের মাতা সুকৃতি বালা ভৌমিক, সিলেটের কেন্দ্রীয় মুসলিম সাহিত্য সংসদের (কেমুসাস) সহ-সভাপতি দেওয়ান মাহমুদ রাজা চৌধুরীর পিতা কবি ও গবেষক দেওয়ান মুফিদ রাজা চৌধুরী, আশির দশকের শক্তিমান কবি ফজলুল হক, দি এইডেড হাই স্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক জনাব সৈয়দ এনায়েত হোসেন মিনার, বাংলাদেশ সাম্যবাদী দলের কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড আফরোজ | ১। শোক প্রস্তাব গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

চলমান পাতা-২

| | | | | |
|---|---|---|---|---|
| | সাংবাদিক তোয়াব খান, জাউয়াবাজার ডিগ্রি কলেজের অর্থনীতির খন্ডকালীন প্রভাষক আব্দুস ছালাম, সাংবাদিক ও সদস্য সিলেট প্রেসক্লাব করিম মিয়া, খেলাফত মজলিস সিলেট মহানগর এর সহ-সভাপতি মুহাম্মদ একরামুল হক, সাবেক পৌর কমিশনার ও বিশিষ্ট ক্রীড়া সংগঠক জুনেদ আহমদ, গোলাপগঞ্জ ঢাকা দক্ষিণ সরকারি কলেজের সহকারী অধ্যাপক ফয়ছল আহমদ, বিএনপি নেতা ও সিলেট ল' কলেজ ছাত্র সংসদের সাবেক জিএস আ ফ ম কামাল, সম্মিলিত নাট্য পরিষদ সিলেট-এর সভাপতি মিশফাক আহমদ মিশু, সিলেট মহানগর বিএনপির সাবেক কর্মসংস্থান বিষয়ক সম্পাদক, সামাজিক সংস্কৃতিক সংগঠক ও ভাতালিয়া জামে মসজিদ কমিটির যুগ্ম সাধারণ সম্পাদক নাজমুল হোসেন রিপন, জকিগঞ্জ ফাজিল সিনিয়র মাদ্রাসার সাবেক উপাধ্যক্ষ মাওলানা ফখরুল ইসলাম, দক্ষিণ সুরমার দাউদপুর ইউনিয়নের তুরুকখলা গ্রামের প্রবীণ মুরব্বী অবসরপ্রাপ্ত সাবেক কাষ্টমস কর্মকর্তা আব্দুল বাছিত বাবুল মিয়া, প্রবীণ রাজনীতিবিদ বাংলাদেশের সাম্যবাদী দল (এম এল) এর কেন্দ্রীয় পলিট ব্যুরো সদস্য, সিলেট জেলার সাধারণ সম্পাদক কমরেড ধীরেন সিংহ, ছাতকে ভাষা সৈনিক মাষ্টার ইমতিয়াজ আলী, জৈন্তাপুর উপজেলার নিজপাট ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি ও জৈন্তিয়া ১৭ পরগনার সালিশ ব্যক্তিত্ব আতাউর রহমান বাবুল এবং সুনামগঞ্জ জগন্নাথপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি আকমল হোসেন এর মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা জানানো হয়। | | | |
| ০২ | **আলোচনা-২ ০২.০৬.২০২২ খ্রি. তারিখের সাধারণ সভা, ১৯.০৫.২০২২ খ্রি. ও ০৭.০৭.২০২২ খ্রি. তারিখের জরুরী বিশেষ সভা এবং ০৩.০৮.২০২২ খ্রি. তারিখের বাজেট বিশেষ সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।**<br><br>প্রধান নির্বাহী কর্মকর্তা একে একে ০২.০৬.২০২২ খ্রি. তারিখের সাধারণ সভা, ১৯.০৫.২০২২ খ্রি. ও ০৭.০৭.২০২২ খ্রি. তারিখের জরুরী বিশেষ সভা এবং ০৩.০৮.২০২২ খ্রি. তারিখের বাজেট বিশেষ সভার সিদ্ধান্তসমূহ পাঠ করে শুনান।<br><br>কাউন্সিলর জনাব মোহাম্মদ তৌফিক বকস ০২.০৬.২০২২ খ্রি. তারিখের সাধারণ সভার আলোচনা-২ বিষয়ে বলেন তাঁর ওয়ার্ডে তথ্য সেবা কেন্দ্র রয়েছে। তিনি বলেন তথ্য সেবা কেন্দ্রের অপ্রতুল সরঞ্জামাদি দ্বারা সেবাগ্রহিতাদের পরিপূর্ণ সেবা প্রদান | ১। ০২.০৬.২০২২ খ্রি. তারিখের সাধারণ সভার কার্যবিবরণী আলোচনাপূর্বক নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়-<br>ক) আলোচনা-২ এর সিদ্ধান্ত অনুযায়ী যে সকল ওয়ার্ডে অদ্যাবধি কম্পিউটার সামগ্রী পৌছায়নি সে সকল ওয়ার্ডে আলোচনাপূর্বক ইন্টারনেট সংযোগসহ কম্পিউটার সামগ্রী প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>খ) আলোচনা-৪ ও ৫ এর বিষয় অনুমোদনের জন্য পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের জবাবের প্রেক্ষিতে পরবর্তী পদক্ষেপ গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>গ) বিবিধ আলোচনা-৫ এর সিদ্ধান্ত সংশোধিত হয়ে সিলেট সিটি কর্পোরেশনের মালিকাধীন নিউ মিউনিসিপ্যাল মার্কেটের নিচ ও ১ম তলার ৫৫নং দোকান কোঠার বরাদ্দগ্রহীতা নয়াসড়ক মাদ্রাসার মাসিক বকেয়া ভাড়া ও জরিমানা মওকুফের | প্রধান প্রকৌশলী/ প্রশাসনিক কর্মকর্তা | |

চলমান পাতা-৪

| | | | | |
|---|---|---|---|---|
| | আলী, জাতীয় সংসদের ডেপুটি স্পিকার বীর মুক্তিযোদ্ধা মোঃ ফজলে রাব্বী মিয়া, বাংলাদেশ বেতারের মহাপরিচালক আহম্মদ কামরুজ্জামান, সিলেটের কৃতি সন্তান, 'কারি অস্কার' খ্যাত ব্রিটিশ কারি অ্যাওয়ার্ড প্রাপ্ত ও স্পাইস বিজনেস ম্যাগাজিনের প্রতিষ্ঠাতা, কমিউনিটি ব্যক্তিত্ব ও বিশিষ্ট ব্যবসায়ী এনাম আলী এম বিই, স্বর্ণ পদকপ্রাপ্ত লোক কবি মকদ্দস আলম উদাসী, সমাজসেবী, শিক্ষানুরাগী, সালিস ব্যক্তিত্ব, বীর মুক্তিযোদ্ধা মেজর (অবঃ) আব্দুল হাফিজ এম এফ, দক্ষিণ সুরমা জালালপুর ডিগ্রী কলেজের অধ্যক্ষ আওলাদ হোসেন, জালালাবাদ রাগীব রাবেয়া মেডিকেল কলেজ, সিলেট-এর মাইক্রোবায়োলজী বিভাগের অধ্যাপক ডাঃ মুহাম্মদ আতিকুর রহমান, বীর মুক্তিযোদ্ধা, অধুনালুপ্ত দৈনিক মাতৃভুমি পত্রিকার প্রকাশক, নবীগঞ্জ কীর্তি নারায়ন কলেজের প্রতিষ্ঠাতা মেজর (অবঃ) সুরঞ্জন দাশ, ওসমানী নগরের বীর মুক্তিযোদ্ধা সিরাজুল ইসলাম, কোম্পানীগঞ্জের বীর মুক্তিযোদ্ধা ফুল মিয়া, গীতিকার গাজী মাজহারুল আনোয়ার, মহানগর আওয়ামীলীগ নেতা প্রদীপ পুরকায়স্থ, যুক্তরাষ্ট্রের কমিউনিটি ব্যক্তিত্ব নাজমুল ইসলাম চৌধুরী, তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা আকবর আলী খান, ভাদেশ্বর হাফিজিয়া দাখিল মাদ্রাসার প্রিন্সিপাল মাওলানা আব্দুল কাইয়ুম, সাতবাক ইউনিয়ন এর আওয়ামীলীগের সভাপতি হাজী মখদ্দুছ আলী মখই, বাংলাদেশের বিশিষ্ট প্রমিলা রাজনীতিবিদ জাতীয় সংসদের উপনেতা ও আওয়ামীলীগের প্রেসিডিয়াম সদস্য সৈয়দা সাজেদা চৌধুরী, বিশিষ্ট সালিশ ব্যক্তিত্ব সমাজসেবক শিক্ষানুরাগী ও প্রবীন ব্যবসায়ী হাজী সামছুদ্দিন আহমেদ, সিলেট শিক্ষা বোর্ডের সাবেক চেয়ারম্যান এ কে এম গোলাম কিবরিয়া তাপাদার, ব্যবসায়ী বিনয়েন্দু দে সন্টু, বিশ্বখ্যাত আলেম আল্লামা ইউসুফ আল কার জাভির, সিলাম ইউপির সাবেক চেয়ারম্যান সিলেট জেলা বিএনপির সাবেক উপদেষ্টা আব্দুল মালিক, সোনালী ব্যাংক লিমিটেড, সিলেট সিটি কর্পোরেশন-এর ম্যানেজার মোঃ রেজাউল ইসলাম, সিলেট জেলা জাতীয় পার্টির আহবায়ক ও সাবেক সভাপতি আলহাজ্ব মোঃ কুনু মিয়া, একুশে পদকপ্রাপ্ত অভিনয় শিল্পী ও নাট্যকার মাসুম আজিজ, বিশিষ্ট সমাজসেবক ও রাজনীতিবিদ সেলিম আহমদ, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের অবসরপ্রাপ্ত নির্বাহী প্রকৌশলী অঞ্জন কুমার শ্যাম (সলিল শ্যাম), সুনামগঞ্জ সদর উপজেলার ইসলামগঞ্জ ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ সাজিনুর রহমান, দৈনিক বাংলা সম্পাদক ও একুশে পদক প্রাপ্ত বর্ষীয়ান | | | |

চলমান পাতা-৩

| | | | | |
|---|---|---|---|---|
| | সম্ভব হচ্ছে না। তাই তথ্য সেবা কেন্দ্রের প্রয়োজনীয় সকল সরঞ্জামাদি প্রদানের অনুরোধ জানান। তিনি সিসিটিভি ক্যামেরার বিষয়টি ক্যাবল অপারেটর কোম্পানীগুলোর সাথে চুক্তির ভিত্তিতে রক্ষণাবেক্ষণসহ যাবতীয় কাজ সম্পাদনের পরামর্শ দেন।<br><br>প্রধান প্রকৌশলী বলেন ০২.০৬.২০২২ খ্রি. তারিখের সাধারণ সভার আলোচনা-৪ ও ৫ বিষয়ে পরিকল্পনা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। মন্ত্রণালয় হতে জবাব আসার পর এ বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।<br><br>কাউন্সিলর জনাব মোঃ আজম খান বলেন যেকোন ধরণের কমিটিতে আহবায়ক ও সদস্য সচিব না থাকলে সেই কমিটি গুরুত্ব পায় না এবং কমিটির কার্যক্রমও মন্থর গতিতে চলে। তাই তিনি পরবর্তী যেকোন কমিটি গঠনের সময় বিষয়টি গুরুত্বের সাথে দেখার পরামর্শ দেন।<br><br>কাউন্সিলর জনাব এস এম শওকত আমীন তৌহিদ নগরীতে সিসিটিভি ক্যামেরা রক্ষণাবেক্ষণ, মেরামত ও যেখানে অদ্যাবধি স্থাপন করা হয়নি সেখানে নতুন ক্যামেরা স্থাপনের অনুরোধ করেন।<br><br>কাউন্সিলর জনাব সৈয়দ তৌফিকুল হাদী দায়িত্বশীল কোম্পানী/ব্যক্তিদের মাধ্যমে সিসিটিভি ক্যামেরার বিষয়টি পরিচালনার অনুরোধ জানান।<br><br>কাউন্সিলর জনাব মোঃ আজাদুর রহমান আজাদ বলেন সিলেট সিটি কর্পোরেশনের অন্তর্ভূক্ত নতুন ও পুরাতন মার্কেটসমূহে এবং আবাসিক ভবনসমূহের অনুমোদনের সময় সিসিটিভি অনুমোদনের প্রস্তাব দেন। প্রতিটা মার্কেট এবং আবাসিক ভবনের সামনে দুটি সিসিটিভি ক্যামেরা বাধ্যতামূলক করে দিলে শহরের নিরাপত্তা প্রদান অনেকটাই সহজতর হয়ে যাবে বলে তিনি আশা করেন।<br><br>বিটিসিএল, সিলেট-এর উপ-মহাব্যবস্থাপক জনাব মিহির রায় তাদের নেটওয়ার্ক সব জায়গায় বিস্তৃত থাকায় সিসিটিভির বিষয়ে তাদের কোম্পানী সহযোগীতা করতে পারবে বলে জানান।<br><br>সভাপতি বলেন এসএমপি, সিসিটিভি কোম্পানী ও ক্যাবল অপারেটরদের সমন্বয়ে কাজ করলে নগরীর সিসিটিভি ক্যামেরাসমূহ রক্ষণাবেক্ষণ পরিপূর্ণভাবে করা সম্ভব। তিনি বিটিসিএল-এর প্রতিনিধিকে পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ জানান। | সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ) সিলেট মহানগরীর সিসিটিভি ক্যামেরা রক্ষণাবেক্ষণ ও প্রয়োজনীয় নতুন সংযোগের বিষয়ে পুলিশ প্রশাসন, সিসিটিভি কোম্পানী, ক্যাবল অপারেটরসমূহসহ অন্যান্য কোম্পানীর সাথে আলোচনার মাধ্যমে ব্যবস্থা গ্রহণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। ১৯.০৫.২০২২ খ্রি. ও ০৭.০৭.২০২২ খ্রি. তারিখের জরুরী বিশেষ সভা এবং ০৩.০৮.২০২২ খ্রি. তারিখের বাজেট বিশেষ সভার সিদ্ধান্তসমূহ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | | |
| ০৩ | **আলোচনা-৩ সিলেট মহানগরীর ছড়া খনন ও পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত আলোচনা।** | ১। সিলেট মহানগরীর ছড়া খনন ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার করার লক্ষ্যে | প্রধান প্রকৌশলী/<br>নির্বাহী | |

চলমান পাতা-৫

| | | | |
|---|---|---|---|
| সভাপতি বলেন অপ্রতুল বর্জ্য অপসারণকারী যানবাহন এবং অপর্যাপ্ত শ্রমিকের মাধ্যমে পরিপূর্ণভাবে ছড়া খাল খনন ও পরিষ্কার পরিচ্ছন্নতা করা সম্ভবপর নয়। তাই তিনি স্ব স্ব ওয়ার্ডের কাউন্সিলরদের তত্ত্বাবধানে প্রাইভেট কোম্পানীর মাধ্যমে ছড়া খনন ও পরিষ্কার পরিচ্ছন্নতার কাজ পরিচালনার প্রস্তাব দেন। তিনি এ বিষয়ে উপস্থিত সকলের মতামত আহবান করেন।<br><br>কাউন্সিলর জনাব রাশেদ আহমদ বলেন তাঁর ওয়ার্ডে কিছু কিছু খাল/ড্রেন সরু এবং তলদেশ পাঁকা না থাকায় পরিচ্ছন্নতার কাজে এক্সেভেটর ব্যবহার করলে তা দেবে যায় এবং শ্রমিক ছাড়া পরিষ্কার করা সম্ভব হয় না। তাই তিনি আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই আকস্মিক বন্যা পরিস্থিতি মোকাবেলার জন্য খাল/ড্রেনসমূহের তলদেশ আরসিসি ঢালাইকরণের প্রস্তাব দেন। প্রবল বর্ষনে মানিকপীর (রহঃ) টিলার মাটি পার্শ্ববর্তী ড্রেনে পড়ে ভরাট হয়ে জলাবদ্ধতার সৃষ্টি করে। তিনি এ সমস্যা মোকাবেলায় মানিকপীর (রহঃ) টিলার চতুর্দিকের গার্ড ওয়াল উচুঁ করার প্রস্তাব দেন।<br><br>কাউন্সিলর জনাব মোহাম্মদ তৌফিক বকস বলেন দক্ষিণ সুরমায় ৬টি খাল রয়েছে যার পানি কুশিয়ারা নদীতে গিয়ে পতিত হয়। তিনি আরও জানান উত্তর সুরমার টিলা এবং চা বাগানের বালু/মাটি ছড়ায় পড়ে পানি নিস্কাশনে প্রতিবন্ধকতার সৃষ্টি করে। তাই তিনি দায়িত্বশীল ব্যক্তি/প্রতিষ্ঠানের মাধ্যমে ছড়া/খালসমূহ খনন, বিভিন্ন টার্নিং পয়েন্টসমূহে দ্রুত পানি নিস্কাশনের জন্য পাম্প মেশিন স্থাপন এবং এক্সেভেটরের মাধ্যমে ছড়া/খালসমূহ পরিস্কারের প্রস্তাব দেন। তিনি জনসচেতনা ও সামাজিক আন্দোলন গড়ে তোলার জন্য লিফলেট প্রস্তুত করা হলে তাতে মেয়র মহোদয়ের সাথে সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলরের নাম সংযুক্ত করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন।<br><br>কাউন্সিলর জনাব ছালেহ আহমদ সেলিম বলেন ড্রেনের পানি নিষ্কাশন হয় ছড়ার মাধ্যমে কিন্তু ছড়া ভরাট থাকায় তা বাধাগ্রস্ত হয়। ছড়াগুলোতে দীর্ঘমেয়াদী খনন ও পরিস্কারের কাজ করলে এ সমস্যা থেকে উত্তরন সম্ভব বলে তিনি মনে করেন। তিনি এ বিষয়ে সংশ্লিষ্ট শাখাসমূহের দায়িত্ব পালন এবং ওয়ার্ডে দায়িত্বরত ইঞ্জিনিয়ারদের প্রতিনিয়ত রিপোর্টিংয়ের উপর গুরুত্ব আরোপ করেন।<br><br>কাউন্সিলর জনাব মোঃ আজাদুর রহমান আজাদ বলেন ড্রেন পরিস্কারের পর পার্শ্ববর্তী কোন স্থানে মাটি ও আবর্জনা রাখার জায়গা না থাকায় ড্রেনের পাশেই রাখা হয় এবং এগুলো অপসারণের পূর্বেই বৃষ্টির পানিতে ধুয়ে আবার ড্রেনে চলে যায়। তাই তিনি ড্রেন থেকে উত্তোলিত মাটি/বর্জ্য রাখার প্রস্তাব দেন। যে সকল বাসা/বাড়ি থেকে ময়লা আবর্জনা ছড়া/ড্রেনে ফেলা হয় সে সকল বাসা/বাড়ির বাসিন্দাদের চিহ্নিত | নিম্নবর্ণিত কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়-<br>ক। জনাব মোঃ আজাদুর রহমান আজাদ, কাউন্সিলর - আহবায়ক<br>খ। জনাব মোহাম্মদ তৌফিক বকস, কাউন্সিলর - সদস্য<br>গ। জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান, কাউন্সিলর - সদস্য<br>ঘ। জনাব এস এম শওকত আমীন তৌহিদ, কাউন্সিলর - সদস্য<br>ঙ। এডভোকেট রোকসানা বেগম শাহনাজ, কাউন্সিলর - সদস্য<br>চ। জনাব মোঃ আলী আকবর, তত্ত্বাবধায়ক প্রকৌশলী – সদস্য সচিব<br><br>২। বড় বড় ছড়াগুলোর বর্তমান অবস্থা এবং ক্রস ড্রেনগুলো চিহ্নিত করার জন্য প্রধান প্রকৌশলীকে দায়িত্ব প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। সিলেট সিটি কর্পোরেশন এলাকায় নির্দিষ্ট স্থান ব্যতিত যত্রতত্র ময়লা আবর্জনা ফেলা ওয়ার্ডবাসীকে চিহ্নিতকরণ এবং নির্ধারিত জরিমানা আদায়ে সহযোগীতা প্রদানের জন্য কমিশন ভিত্তিতে ওয়ার্ড ভিত্তিক লোকবল নিয়োগের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ম্যাজিস্ট্রেট/<br>পরিচ্ছন্ন কর্মকর্তা | |

চলমান পাতা-৬

| | | | | |
|---|---|---|---|---|
| | করা, মার্কেট/দোকানের সামনে ময়লা থাকলে সেই সকল প্রতিষ্ঠানকে জরিমানা এবং প্রয়োজনে ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অভিযান পরিচালনার প্রস্তাব দেন। এছাড়া তিনি কমিশনের ভিত্তিতে বাসা/বাড়ি হতে ছড়া/ড্রেনে ময়লা আবর্জনা ফেলা বাসিন্দাদের চিহ্নিতকরণ এবং জরিমানা আদায়ের প্রস্তাব দেন।<br><br>কাউন্সিলর জনাব আবুল কালাম আজাদ (লায়েক) বলেন তাঁর ওয়ার্ডের কিছু ছড়া/ড্রেনের উপর বেশ কিছু অবৈধ স্থাপনা রয়েছে। বারবার তাগাদা দেয়ার পরও এদের বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এর ফলে পানি নিষ্কাশন বাধাগ্রস্ত হয় এবং জলাবদ্ধতার সৃষ্টি হয়।<br><br>কাউন্সিলর এডভোকেট রোকসানা বেগম শাহনাজ বলেন সিলেট মহানগরীতে হযরত শাহজালাল (রহঃ)-এর দরগাস্থ কবরস্থান ও হযরত মানিকপীর (রহঃ) কবরস্থান ছাড়া আর কোন কবরস্থান নাই। তিনি সিলেট সিটি কর্পোরেশনের সম্প্রসারিত এলাকাসহ যেকোন সুবিধাজনক স্থানে সিলেট সিটি কর্পোরেশনের নামে কবরস্থান করার প্রস্তাব দেন।<br><br>কাউন্সিলর জনাব এস এম শওকত আমীন তৌহিদ সিলেট সিটি কর্পোরেশনের ওয়ার্ডসমূহের ছড়াগুলো খনন ও এদের মধ্য দিয়ে প্রবাহিত পানি বিভাজনের ব্যবস্থা গ্রহণের প্রস্তাব দেন।<br><br>সভাপতি বলেন সিলেট মহানগরীর ছড়া ও ড্রেনগুলো কি অবস্থায় আছে তা নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। তিনি আরও বলেন ছোট ছোট খাল ও ছড়া দৈনিক শ্রমিকদের মাধ্যমে পরিষ্কার করতে হবে। জনগণ যাতে যত্রতত্র ময়লা আবর্জনা না ফেলতে পারে সে বিষয়ে তিনি সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলরদের সজাগ দৃষ্টি রাখার অনুরোধ জানান। প্রয়োজনে তিনি সিটি কর্পোরেশনের ম্যাজিস্ট্রেটের মাধ্যমে অভিযান পরিচালনা ও জরিমানা আদায়ের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। | | | |
| ০৪ | আলোচনা-৪ সিলেট কেন্দ্রীয় বাস টার্মিনাল উদ্বোধন সংক্রান্ত আলোচনা।<br><br>সভাপতি বলেন সিলেট কেন্দ্রীয় বাস টার্মিনালের উদ্বোধনের বিষয়ে মন্ত্রণালয়ের পরামর্শ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে। | | প্রধান প্রকৌশলী | |
| ০৫ | বিবিধ আলোচনা-১<br><br>সভাপতি সিলেট কেন্দ্রীয় বাস টার্মিনাল সিলেট-১ আসনের মাননীয় সংসদ সদস্য ও পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আবদুল মোমেনের নামে এবং হযরত শাহপরান (রহঃ) এর নামে নামকরণ বিষয়ক দুটি আবেদন পরিষদে উপস্থাপন করেন।<br><br>কাউন্সিলর জনাব মোঃ আজম খান বলেন দক্ষিণ সুরমা কেন্দ্রীয় বাস টার্মিনালের নাম যাই রাখা হোক তাঁর তাতে কোন আপত্তি নাই কিন্তু হঠাৎ নাম পরিবর্তনে জনগণের মধ্যে অসন্তোষ সৃষ্টি হওয়ার আশংকা রয়েছে। বিষয়টি বিবেচনায় রাখার প্রস্তাব | নামকরণের প্রস্তাবসমূহ মন্ত্রণালয়ে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা/ প্রধান প্রকৌশলী | |

চলমান পাতা-৭

| | | | | |
|---|---|---|---|---|
| | দেন।<br><br>কাউন্সিলর জনাব মোহাম্মদ তৌফিক বকস বলেন নাম পরিবর্তনে তাঁর কোন দ্বিমত নেই তবে এ বিষয়টি নিয়ে ঝামেলা সৃষ্টি হতে পারে। তাই নামকরণের বিষয়টি মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থা গ্রহণের প্রস্তাব দেন।<br><br>কাউন্সিলর জনাব মোঃ আজাদুর রহমান আজাদ নামকরণের প্রস্তাবটি মন্ত্রণালয়ে প্রেরণের প্রস্তাব দেন।<br><br>সভাপতি বলেন পররাষ্ট্রমন্ত্রী সিলেটের সার্বিক উন্নয়ন কাজে সর্বাত্মক সহযোগীতা করে থাকেন। নামকরণের বিষয়টি অনেক গুরুত্বপূর্ণ তাই প্রস্তাবগুলো মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন। | | | |
| ০৬ | বিবিধ আলোচনা-২<br><br>সভাপতি টিলাগড় পয়েন্ট সংলগ্ন স্পোর্টস মিনি পার্ক পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও পাবলিক টয়লেট ব্যবস্থাপনার দায়িত্ব প্রদান সংক্রান্ত জনাব হিরক রঞ্জন দে পাপলু, সাধারণ সম্পাদক, টিলাগড় ক্লাব-এর আবেদন সভায় উপস্থাপন করেন।<br><br>কাউন্সিলর জনাব মোঃ আজাদুর রহমান আজাদ টিলাগড় পয়েন্ট সংলগ্ন স্পোর্টস মিনি পার্ক পরিচালনা, রক্ষণাবেক্ষণ ও পাবলিক টয়লেট ব্যবস্থাপনার দায়িত্ব প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দের মতামত জানতে চান। তিনি বলেন সিলেট সিটি কর্পোরেশনের অর্থায়নে টিলাগড় পয়েন্ট সংলগ্ন সরকারি ভূমিতে পাবলিক টয়লেট স্থাপন বাস্তবায়নাধীন রয়েছে।<br><br>কাউন্সিলর জনাব মোহাম্মদ তৌফিক বকস টিলাগড় পয়েন্ট সংলগ্ন পাবলিক টয়লেট টেন্ডারের মাধ্যমে হস্তান্তরের প্রস্তাব দেন। | ১। টিলাগড় পয়েন্ট সংলগ্ন পাবলিক টয়লেট টেন্ডারের মাধ্যমে পরিচালনার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। টিলাগড় পয়েন্ট সংলগ্ন স্পোর্টস মিনি পার্ক পরিচালনা ও রক্ষণাবেক্ষণের দায়িত্ব টিলাগড় ক্লাবকে এবং পাবলিক টয়লেটের দোতলা টিলাগড় ক্লাবের অফিস হিসেবে ব্যবহারের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>৩। টিলাগড় স্পোর্টস মিনি পার্ক পরিচালনা ও রক্ষণাবেক্ষণের জন্য সিলেট সিটি কর্পোরেশন হতে কোন ফান্ড প্রদান করা হবে না মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী | |
| ০৭ | বিবিধ আলোচনা-৩<br><br>প্রধান প্রকৌশলী ২৯.১১.২০২২ খ্রি. তারিখে Jica কো-অর্ডিশনে সিলেট সিটি কর্পোরেশন এর CLCC সভায় অনুমোদিত ২০২২-২০২৩ অর্থবছরের ২টি বিষয় পরিষদকে অবহিত করেন।<br><br>১। ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন অনুমোদন।<br><br>২। সিটি কর্পোরেশন পরিচালনা ব্যবস্থা উন্নয়ন কৌশলপত্র ২০২০-২০৩০ অনুমোদন। | ২০২১-২২ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন এবং সিটি কর্পোরেশন পরিচালনা ব্যবস্থা উন্নয়ন কৌশলপত্র ২০২০-২০৩০ অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান প্রকৌশলী/ জনসংযোগ কর্মকর্তা | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(আরিফুল হক চৌধুরী)
মেয়র
সিলেট সিটি কর্পোরেশন

চলমান পাতা-৮

পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সদস্যবৃন্দঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)

১। জনাব রাশেদ আহমদ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
২। জনাব এস এম শওকত আমীন তৌহিদ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৩। মিসেস রেবেকা আক্তার লাকী, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৪। জনাব সৈয়দ তৌফিকুল হাদী, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৫। এডভোকেট রোকসানা বেগম শাহনাজ, কাউন্সিলর ও প্যানেল মেয়র-০২, সিলেট সিটি কর্পোরেশন।
৬। জনাব মোঃ আজম খান, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৭। জনাব আবুল কালাম আজাদ (লায়েক), কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৮। বেগম কুলসুমা বেগম পপি, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
৯। জনাব এ বি এম জিল্লুর রহমান, কাউন্সিলর ও প্যানেল মেয়র-০৩, সিলেট সিটি কর্পোরেশন।
১০। জনাব মোঃ আজাদুর রহমান আজাদ, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১১। জনাব শান্তনু দত্ত (সন্তু), কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১২। জনাব মোহাম্মদ মোখলেছুর রহমান, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৩। জনাব মোহাম্মদ তৌফিক বকস, কাউন্সিলর ও প্যানেল মেয়র-০১, সিলেট সিটি কর্পোরেশন।
১৪। জনাব মোঃ ইলিয়াছুর রহমান, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৫। বেগম নাজনীন আকতার কনা, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৬। জনাব ছালেহ আহমদ সেলিম, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।
১৭। জনাব নজরুল ইসলাম মুনিম, কাউন্সিলর, সিলেট সিটি কর্পোরেশন।

সভায় উপস্থিত সরকারী কর্মকর্তাবৃন্দ:

০১। জনাব তৌফিকুল আহসান চৌধুরী, ব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন।
০২। জনাব আহম্মদ আলী, র‍্যাব-৯, সিলেট।
০৩। জনাব মিহির রায়, উপ-মহাব্যবস্থাপক, বিটিসিএল, সিলেট।
০৪। জনাব মোঃ বেলাল হোসেন, সিনিয়র স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, সিলেট সার্কেল।
০৫। জনাব মোঃ খোরশেদ আলম, ফিল্ড অফিসার, এনএসআই।
০৬। জনাব রিংকু কুমার দাশ, সিটিএসবি।

স্মারকনং-৪৬.০৭.০০০০.০০৪.০৬.০০২.১৯.১৩২/১৮ তারিখঃ ১২.০১.২০২৩ খি.

সদয় অবগতির জন্যঃ

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। মহাব্যবস্থাপক, বাংলাদেশ তার ও টেলিফোন বোর্ড, সিলেট।
৬। অধিনায়ক, র‍্যাব-৯, সিলেট।
৭-১১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর/সড়ক ও জনপথ অধিদপ্তর/জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর/স্থানীয় সরকার প্রকৌশলী অধিদপ্তর/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট।
১২। পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, সিলেট।
১৩। নির্বাহী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন অধিদপ্তর, সিলেট।
১৪। উপ-পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সিলেট।
১৬। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, সিলেট।
১৭। পরিচালক, বিআরটিএ, সিলেট।
১৮। ষ্টেশন ম্যানেজার, বাংলাদেশ রেলওয়ে, সিলেট।

১২/০১/২৩

(মোহাম্মদ বদরুল হক)
প্রধান নির্বাহী কর্মকর্তা
সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.০৭.০০০০.০০৪.০৬.০০২.১৯.১৩২/১৮/৩৬ তারিখঃ ১২.০১.২০২৩ খ্রি.

সদয় অবগতির জন্যঃ

১। ............................................................................ .........কাউন্সিলর

সংরক্ষিত/ সাধারণ ওয়ার্ড নং................সিলেট সিটি কর্পোরেশন।

১২/০১/২৩

প্রধান নির্বাহী কর্মকর্তা
সিলেট সিটি কর্পোরেশন

স্মারক নং-৪৬.০৭.০০০০.০০৪.০৬.০০২.১৯.১৩২/১৮/৩৬(২৪) তারিখঃ ১২.০১.২০২৩ খি.

জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১। সচিব, সিলেট সিটি কর্পোরেশন।
২। প্রধান প্রকৌশলী, সিলেট সিটি কর্পোরেশন।
৩। প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৪। প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন।
৫। মেয়রের সহকারী একান্ত সচিব, সিলেট সিটি কর্পোরেশন।
৬-২৩। .... ....................................................................... শাখা প্রধান, সিলেট সিটি কর্পোরেশন।
২৪। সংশ্লিষ্ট নথি।

১২/০১/২৩

প্রধান নির্বাহী কর্মকর্তা
সিলেট সিটি কর্পোরেশন

চলমান পাতা-৯